

ইসলামী জ্ঞান: নিত্যদিনের প্রয়োজনে

বিভাগ/অধ্যায়ঃ আলিমগনের উক্তি এবং নসিহা

রচয়িতা/সঙ্কলকঃ ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

অধিকাংশ মানুষের সকল দুনিয়াবি প্রচেষ্টার লক্ষ্য কি?

ইমাম আবু আব্দুল্লাহ মুহাম্মাদ ইবনু আইয়ূব ইবনু কাইয়িম আল-জাওযিয়াহ রাহিমাহুল্লাহ (৬৯১-৭৫১ হি.) বলেন, কোনো এক আলেম বলেছেন,

“আমি চিন্তা করেছি, মানুষ (বুদ্ধিমানরা) যে বিষয়ের জন্য চেষ্টা-পরিশ্রম করে — দেখলাম, তাদের সকল প্রচেষ্টা একটিই লক্ষ্যকে কেন্দ্র করে, যদিও তা অর্জনের পদ্ধতি ও পথগুলো একে অপরের থেকে ভিন্ন। দেখলাম, তারা সবাই দুঃখ, উদ্বেগ ও কষ্ট দূর করার প্রচেষ্টা করছে।

এইজন্য কেউ তা করে খাবার ও পানীয়ের মাধ্যমে, কেউ করে ব্যবসা-বাণিজ্য ও উপার্জনের মাধ্যমে, কেউ করে বিবাহের মাধ্যমে, কেউ করে সুর ও সংগীত শুনে, কেউ করে খেলাধুলা ও বিনোদনের মাধ্যমে।

আমি বললাম: প্রকৃতপক্ষে মানুষের চাওয়াটা এক — মনে প্রশান্তি ও দুঃখের দূরীকরণ। কিন্তু এ সব পথই আসলে প্রকৃত উদ্দেশ্যের দিকে পৌঁছে দেয় না, বরং অধিকাংশ সময় তা বিপরীত ফল দেয়।

আর আমি দেখিনি এসব পথের মধ্যে এমন কোনো পথ, যা নিশ্চিতভাবে প্রকৃত প্রশান্তি ও সন্তুষ্টির দিকে নিয়ে যায় — অন্তরকে একমাত্র আল্লাহর দিকে ফিরিয়ে দেওয়া ও তাঁর সঙ্গে সম্পর্ক স্থাপন করা ছাড়া।”

□

- ইমাম ইবনুল কাইয়িম, আদ-দা ওয়াদ-দাওয়া পৃষ্ঠা ৪৫০।

□

সারকথা:

মানুষ জীবনের সকল প্রয়াসে মূলত দুঃখ-চিন্তা থেকে মুক্তি খুঁজে। কেউ খাওয়া-দাওয়া, ব্যবসা, বিবাহ, গান-বাজনা বা বিনোদনের মাধ্যমে তা চায়। কিন্তু প্রকৃত প্রশান্তি ও দুঃখমুক্তি কেবলমাত্র আল্লাহর সঙ্গে আন্তরিক সম্পর্ক স্থাপন ও তাঁর সন্তুষ্টি লাভের মাধ্যমে পাওয়া সম্ভব — অন্য কোনো পথে নয়।

ফুটনোট

<https://www.facebook.com/abubakar.m.zakaria/posts/pfbid02oodRXYcgdwaLdzvnT1yED8Xt6sT7DExCb59CDzTQ2iQdGYggDAEXVNUvEWvrkoYul>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন